

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
জিরানী, সাভার, ঢাকা
www.bksp.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০৪.০০০০.০০০.০০১.১৮.০৭৬১.১৬-৫৮

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

গত ০৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত রাজস্ব খাতভূক্ত কোচ (টেনিস, ক্রিকেট ও ফুটবল) পদে জনবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য ১৪ অক্টোবর ২০২৬ তারিখ নির্ধারিত ছিল। টেনিস ফেডারেশনের বিশেষজ্ঞ প্রতিনিধি দাপ্তরিক কাজে অন্যত্র সম্পৃক্ত থাকায় বিকেএসপির নিয়োগ বোর্ডে উপস্থিত হতে পারেননি। বিকেএসপির কোচ নিয়োগের ক্ষেত্রে সর্বদা স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা বজায় রেখে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়। টেনিস ফেডারেশনের বিশেষজ্ঞ প্রতিনিধি অনুপস্থিত থাকায় রাজস্ব খাতভূক্ত কোচ (টেনিস) পদে জনবল নিয়োগের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা নির্দেশক্রমে স্থগিত করা হলো। আগামী ২৬/১০/২০২৬ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় কোচ (টেনিস) পদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকায় অনুষ্ঠিত হবে।


উপসচিব ড. লুৎফুর রহমান, বিডিএমএস
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও সদস্য-সচিব
১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা নিয়োগ কমিটি
বিকেএসপি।

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) প্রেরণ করা হলো:

- ১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ২। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ৩। সভাপতি, বাংলাদেশ টেনিস ফেডারেশন।
- ৪। সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেনিস ফেডারেশন (আগামী ২৬/১০/২০২৬ তারিখে একজন বিশেষজ্ঞ প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।